

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.০৭৯.১৩ (১)-৩১৩.

তারিখ : ০২ আশ্বিন ১৪৩০
১৭ সেপ্টেম্বর ২০২৩

বিষয় : রংপুর জেলার সিটি কর্পোরেশনের ১৮ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব সৈয়দ আব্দুল বাতেন এর নামীয় নিকাহ রেজিস্ট্রি লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, রংপুর সিটি কর্পোরেশনের ১৮ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব সৈয়দ আব্দুল বাতেন এর দাখিল ও আলিম পাশের সনদ সঠিক না হওয়ায় অর্থাৎ দাখিল ও আলিম পাশের সনদ জাল করার বিষয়টি জেলা রেজিস্ট্রার, রংপুর এর তদন্তে প্রমাণিত হওয়ায়, নিকাহ রেজিস্ট্রার জনাব সৈয়দ আব্দুল বাতেন কর্তৃক কারণ দর্শানোর জবাব দাখিল না করায় ও তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় তাঁর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো। জনাব সৈয়দ আব্দুল বাতেন, পিতা-সৈয়দ আব্দুল আউয়াল, সাং-মুন্সীপাড়া, ডাকঘর, উপজেলা ও জেলা-রংপুর দাখিল ও আলিম পাশের সনদ জাল করায় তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র বিভাগকে অবহিতকরণের জন্য জেলা রেজিস্ট্রার, রংপুর-কে নির্দেশ প্রদান করা হলো। একইসাথে, শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব সৈয়দ আব্দুল বাতেন এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, রংপুর-কে নির্দেশ প্রদান করা হলো। শূন্যঘোষিত উক্ত অধিক্ষেত্রে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের নিমিত্ত বিধি মোতাবেক প্যানেল প্রস্তুত করে এ বিভাগে প্রেরণের জন্য জেলা রেজিস্ট্রার, রংপুর-কে নির্দেশ প্রদান করা হলো।

স্বা.


(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.০৭৯.১৩ (১)-৩১৩.

তারিখ : ০২ আশ্বিন ১৪৩০
১৭ সেপ্টেম্বর ২০২৩

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৪। জেলা রেজিস্ট্রার, রংপুর।
- ০৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। জনাব সৈয়দ আব্দুল বাতেন, সাবেক নিকাহ রেজিস্ট্রার, ১৮ নং ওয়ার্ড, রংপুর সিটি কর্পোরেশন সাং-মুন্সীপাড়া, ডাকঘর, উপজেলা ও জেলা-রংপুর।
- ০৭। অফিস কপি/ গার্ড ফাইল।


(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮